

## 💵 হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ উমরাহ

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

## উমরাহ-এর গুরুত্ব ও তাৎপর্য

- উমরাহ খুবই গুরুত্বপূর্ণ একটি ইবাদাত; যার অর্থ কোনো স্থানের যিয়ারত করা।
- ইসলামী শরী'আতের পরিভাষায় আল্লাহর সম্ভুষ্টি অর্জনের জন্য বছরের যে কোনো সময় মসজিদুল হারামে গমন করে নির্দিষ্ট কিছু কর্মকাণ্ড সম্পাদন করাকে উমরাহ বলা হয়।
- আবু হুরায়রাহ রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "উমরাহ; এক উমরাহ থেকে পরবর্তী উমরাহর মধ্যবর্তী সময়ে যা কিছু পাপ (সগীরা) কাজ ঘটবে তার জন্য কাফফারা (প্রায়শ্চিত্ত করে)"।[1]
- আবদুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু 'আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''নিশ্চয় রমযান মাসের উমরাহ একটি হজের সমান"।[2]
- রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "রমযান মাসে উমরাহ পালন করা -আমার সাথে হজ করার ন্যায়"। [3]
- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জীবনদশায় ৪ বার উমরাহ করেছেন।[4]

মসজিদুল হারামে প্রবেশ করা থেকে শুরু করে তাওয়াফ, সা'ঈ ও হালাল হয়ে উমরাহ সম্পন্ন করতে ২-৩ ঘন্টা সময় লাগে মাত্র।

## ফুটনোট

- [1] সহীহ বুখারী, হাদীস নং ১৬৫০
- [2] মিশকাত, হাদীস নং ২৫০৯
- [3] সহীহ বুখারী, হাদীস নং ১৮৬৩; সহীহ মুসলিম, হাদীস নং ২৫৬ ও ৩০৩৯
- [4] মিশকাত, হাদীস নং ২৫১৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=6502

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন